

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
ইউপি-২ শাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭-৬৭৪

তারিখ : ০১ কার্তিক, ১৪২৪
১৬ অক্টোবর, ২০১৭


প্রেরক : ড. সৈয়দা নওশীন পর্ণিনী
সিনিয়র সহকারী সচিব
স্থানীয় সরকার বিভাগ

প্রাপক : প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা
স্থানীয় সরকার বিভাগ
৮৩/বি, নিউ সার্কুলার রোড
মালিবাগ মোড়, মৌচাক টাওয়ার (১১ তলা), ঢাকা।

বিষয় : ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট বরাদ্দ হতে ইউপি সদস্যদের বর্তমান বছরের সম্মানীভাতার ২য় কিস্তির অর্থ ছাড়করণ।

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে ২০১৭-২০১৮ অর্থবছরের বাজেট বরাদ্দের ১৭৯,৪১,৮০,০০০.০০ (একশত উনাশি কোটি একচল্লিশ লক্ষ আশি হাজার) টাকা হতে ইউনিয়ন পরিষদ সদস্যদের বর্তমান বছরের সম্মানীভাতার সরকারী অংশের ২য় কিস্তি বাবদ ৪৪,৮৫,৪৫,০০০.০০ (চুয়াল্লিশ কোটি পঁচাল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার) টাকা ছাড়করণে সরকারী মঞ্জুরী জ্ঞাপন করছি। জেলাওয়ারী অর্থ বরাদ্দের পরিমাণ অপর পৃষ্ঠায় দেখানো হলো। প্রত্যেক জেলার জন্য মঞ্জুরীকৃত অর্থ উঠানোর অথরিটিপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসকগণের নিকট জরুরী ভিত্তিতে প্রেরণপূর্বক অবহিত করণের জন্য বিশেষভাবে অনুরোধ করা হলো।

- ২। জেলা প্রশাসকগণ তাঁদের অনুকূলে বরাদ্দকৃত অর্থ ট্রেজারী হতে উত্তোলন করে সংশ্লিষ্ট উপজেলা নির্বাহী কর্মকর্তাগণকে তাঁদের হিসাব অনুযায়ী অর্থ চেকের মাধ্যমে প্রদান করবেন। উপজেলা নির্বাহী কর্মকর্তাগণ সম্মানী বাবদ বরাদ্দকৃত অর্থ দ্বারা ইউপি সদস্যদেরকে বকেয়াসহ বর্তমান বছরের সম্মানীভাতার সরকারী অংশ সরাসরি প্রদান করবেন;
- ৩। চলতি অর্থবছরের (২০১৭-২০১৮) অনুন্নয়ন বাজেটের মঞ্জুরী নং-৩৪, হিসাবের খাত নং-৩/৩৭০৫/৩৬০৭/৫৯০১ ইউনিয়ন পরিষদের সাধারণ মঞ্জুরী সহায়তা খাত হতে উপরোক্ত ব্যয় নির্বাহ হবে;
- ৪। এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে পিপিআর, ২০০৮ অনুসরণসহ যাবতীয় আর্থিক বিধিবিধান যথাযথভাবে পরিপালন করতে হবে;
- ৫। ছাড়কৃত অর্থ ব্যয়ের ক্ষেত্রে ভবিষ্যতে কোন অনিয়ম হলে সংশ্লিষ্ট বিল পরিশোধকারী কর্তৃপক্ষ দায়ী থাকবেন; এবং
- ৬। ছাড়কৃত অর্থের অব্যয়িত অংশ ৩০ জুন, ২০১৮ এর মধ্যে সরকারী কোষাগারে জমা প্রদান করতে হবে।



(ড. সৈয়দা নওশীন পর্ণিনী)
সিনিয়র সহকারী সচিব
ফোন : ৯৫১৪১৯০

স্মারক নং-৪৬.০০.০০০০.০১৮.০২.০০১.১৭-৬৭৪

তারিখ : ০১ কার্তিক, ১৪২৪
১৬ অক্টোবর, ২০১৭

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ১। সিনিয়র সচিব, অর্থ বিভাগ, অর্থ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা(দৃ:আ: সিনিয়র সহকারী সচিব, বাজেট-১১ শাখা)।
- ২। জেলা প্রশাসক (সকল)-----জেলা।
- ৩। জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (সকল) -----জেলা।
- ৪। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।



(ড. সৈয়দা নওশীন পর্ণিনী)
সিনিয়র সহকারী সচিব

২০১৭-২০১৮ অর্থ বছরের বাজেট হতে ইউপি সদস্যদের বর্তমান বছরের সম্মানীভাতার ২য় কিস্তি বাবদ জেলাওয়ারী বরাদ্দ :

ক্রমিক নং	বিভাগ	জেলা	বরাদ্দের পরিমাণ	ক্রমিক নং	বিভাগ	জেলা	বরাদ্দের পরিমাণ
১	ঢাকা	ঢাকা	৭৫৮১৬০০	৩৩	রাজশাহী	রাজশাহী	৬৯৯৮৪০০
২		নারায়নগঞ্জ	৩৭৯০৮০০	৩৪		সিরাজগঞ্জ	৮০৬৭৬০০
৩		মুন্সিগঞ্জ	৬৬০৯৬০০	৩৫		চাঁপাইনবাবগঞ্জ	৪৩৭৪০০০
৪		মানিকগঞ্জ	৬৩১৮০০০	৩৬		পাবনা	৭১৯২৮০০
৫		নরসিংদী	৬৯০১২০০	৩৭		নাটোর	৫০৫৪৪০০
৬		গাজীপুর	৩৭৯০৮০০	৩৮		বগুড়া	১০৪৯৭৬০০
৭		কিশোরগঞ্জ	১১০১৫৫০০	৩৯		জয়পুরহাট	৩১১০৪০০
৮		টাংগাইল	১১৪৬৯৬০০	৪০		নওগাঁ	৯৬২২৮০০
৯		ফরিদপুর	১০৪৯৭৬০০	৪১		রংপুর	৭৩৮৭২০০
১০		মাদারীপুর	৫৮৩২০০০	৪২		কুড়িগ্রাম	৭০৯৫৬০০
১১		রাজবাড়ী	৪০৮২৪০০	৪৩		পঞ্চগড়	৪১৭৯৬০০
১২		শরীয়তপুর	৬৩১৮০০০	৪৪		দিনাজপুর	১০০১১৬০০
১৩		গোপালগঞ্জ	৮৮১২৮০০	৪৫		লালমনিরহাট	৪৩৭৪০০০
১৪	ময়মনসিংহ	ময়মনসিংহ	১৪১৯১২০০	৪৬	গাইবান্ধা	৭৯৭০৪০০	
১৫		নেত্রকোনা	৮৩৫৯২০০	৪৭	নীলফামারী	৫৮৩২০০০	
১৬		শেরপুর	৫০৫৪৪০০	৪৮	ঠাকুরগাঁও	৫১৫১৬০০	
১৭		জামালপুর	৬৬০৯৬০০	৪৯	খুলনা	৬৬০৯৬০০	
১৮	চট্টগ্রাম	চট্টগ্রাম	১৮৫৬৫১০০	৫০	যশোর	৯০৩৯৬০০	
১৯		ব্রাহ্মণবাড়িয়া	৯৭২০০০০	৫১	নড়াইল	৩৭৯০৮০০	
২০		চাঁদপুর	৮৬৫০৮০০	৫২	মেহেরপুর	১৭৪৯৬০০	
২১		লক্ষীপুর	৫৬৩৭৬০০	৫৩	বাগেরহাট	৭২৯০০০০	
২২		নোয়াখালী	৮৬৫০৮০০	৫৪	চুয়াডাঙ্গা	৩৬৯৩৬০০	
২৩		ফেনী	৪১৭৯৬০০	৫৫	মাগুরা	৩৪৯৯২০০	
২৪		কক্সবাজার	৬৯০১২০০	৫৬	কুষ্টিয়া	৬৩১৮০০০	
২৫		রাঙ্গামাটি	৪৮৬০০০০	৫৭	সাতক্ষীরা	৭৫৮১৬০০	
২৬		কুমিল্লা	১৮০৭৯২০০	৫৮	বিনাইদহ	৬৫১২৪০০	
২৭		খাগড়াছড়ি	৩৬৯৩৬০০	৫৯	বরিশাল	৪৯৫৭২০০	
২৮	সিলেট	বান্দরবান	৩২০৭৬০০	৬০	বরগুনা	৪০৮২৪০০	
২৯		সিলেট	১০২০৬০০০	৬১	পিরোজপুর	৪৯৫৭২০০	
৩০		হবিগঞ্জ	৭৫৮১৬০০	৬২	পটুয়াখালী	৯৫৯০৪০০	
৩১		মৌলভীবাজার	৬৫১২৪০০	৬৩	ঝালকাঠি	৩১১০৪০০	
৩২	সুনামগঞ্জ	৮৫৫৩৬০০	৬৪	ভোলা	৬৬০৯৬০০		

সর্বমোট = ৪৪,৮৫,৪৫,০০০.০০

(কথায় : চুয়াল্লিশ কোটি পঁচাল্লিশ লক্ষ পঁয়তাল্লিশ হাজার টাকা মাত্র)


(ড. সৈয়দা নওশীন পার্বিনী)
সিনিয়র সহকারী সচিব